গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিধি-৪ শাখা
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৬.২৩-২৫২ তারিখ : ২৪ বৈশাখ ১৪৩২ / ০৭ মে ২০২৫

## প্রজ্ঞাপন

Allocation of Business Among The Different Ministries and Divisions (Schedule I of the Rules of Business, 1996) (Revised up to April 2017) এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের অংশের ৩৭ নম্বর ক্রমিকের অনুবলে সরকার আসন্ন **পবিত্র ঈদ-উল-আজহা** উপলক্ষ্যে **১১ ও ১২ জুন ২০২৫ তারিখ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার** নির্বাহী আদেশে সরকারি ছুটি এবং দাপ্তরিক কাজের স্বার্থে **১৭ মে ২০২৫ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৫ তারিখ শনিবার** সাপ্তাহিক ছুটির দিনে অফিস খোলা রাখার ঘোষণা করিল। ছুটিকালীন সময়ে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস বন্ধ থাকিবে এবং উল্লিখিত সাপ্তাহিক ছুটির দুই দিন (১৭ মে ২০২৫ ও ২৪ মে ২০২৫ তারিখ) সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং বেসরকারি অফিস খোলা থাকিবে।

২। (ক) জরুরি পরিষেবা যেমন- বিদ্যুৎ, পানি, গ্যাস ও অন্যান্য জ্বালানি, ফায়ার সার্ভিস, বন্দরসমূহের কার্যক্রম, পরিচ্ছন্নতা কার্যক্রম, টেলিফোন ও ইন্টারনেট, ডাক সেবা এবং এ সংশ্লিষ্ট সেবা কাজে নিয়োজিত যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(খ) হাসপাতাল ও জরুরি সেবা এবং এ সেবার সাথে সংশ্লিষ্ট কর্মীগন এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(গ) চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক ও কর্মীগন এবং ওষুধসহ চিকিৎসা সরঞ্জামাদি বহনকারী যানবাহন ও কর্মীগণ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

(ঘ) জরুরি কাজের সাথে সম্পৃক্ত অফিসসমূহ এই ছুটির আওতা বহির্ভূত থাকিবে।

৩। ব্যাংকিং কার্যক্রম চালু রাখার বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবে।

৪। আদালতের কার্যক্রমের বিষয়ে মহামান্য সুপ্রিম কোর্ট প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিবেন।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

০৭.০৫.২০২৫


মোঃ কামরুজ্জামান
উপসচিব
ফোনঃ ০২-৯৫১৪৪৯২
ইমেইল-reg4@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়
**রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ**
রাঙ্গামাটি পার্বত্য জেলা
ফোন-০২৩৩৩৩৭২৪৮৫, EIIN-107819, স্থাপিত-১৯৯৮

Web-Site: www.rangamatigmc.gov.bd e-mail: principalrgmc@yahoo.com

তারিখ-১৫/০৫/২০২৫ খ্রি.

## "বিজ্ঞপ্তি"

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে আগামী ১১ ও ১২ জুন ২০২৫ তারিখ যথাক্রমে বুধবার ও বৃহস্পতিবার নির্বাহী আদেশে সরকারি ছুটি এবং দাপ্তরিক কাজের স্বার্থে ১৭ মে ২০২৫ তারিখ শনিবার ও ২৪ মে ২০২৫ শনিবার সাপ্তাহিক ছুটির দিনে কলেজের (রবিবার ক্লাস রুটিন অনুযায়ী) শ্রেণি কার্যক্রম ও অফিস খোলা থাকবে।

15.05.25


প্রফেসর পারভীন আখতার
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা।
প্রফেসর পারভীন আখতার
আইডি নং-৯৪০৮
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা।